গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজাপুর, ঝালকাঠি
www.rajapur.jhalakathi.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৪২৮৪.০০১.০৩.০১০.২৩- ১১২

তারিখ : ২৪ মাঘ ১৪২৯
০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বাংলা ১৪৩০ সনের হাট-বাজারের ইজারা বিজ্ঞপ্তি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের জারীকৃত ২১-০৯-২০১১ খ্রি: তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০.২০১১.৮৭০ নং স্মারকের নীতিমালা অনুযায়ী সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ৩১ (একত্রিশ) টি হাট-বাজার ১৪৩০ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র) পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথকভাবে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, চাহিদা মোতাবেক দরপত্র পাওয়া না গেলে পরবর্তীতে নিম্নে উল্লিখিত তারিখে (ক্যালেন্ডার অনুযায়ী) দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে।

দরপত্র প্রাপ্তির স্থান	(ক) জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজাপুর (গ) সহকারী কমিশনার(ভূমি), রাজাপুর এর কার্যালয় এবং (ঘ) সোনালী ব্যাংক লিঃ, রাজাপুর শাখা।
দরপত্র দাখিলের স্থান	(ক) জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজাপুর, ঝালকাঠি।

ক্রমিক নং	হাট বাজারের নাম	ইউনিয়নের নাম	বাংলা ১৪৩০ সনের সরকারি মূল্য	সিডিউল মূল্য	মন্তব্য
১	লেবুবুনিয়া হাট	সাতুরিয়া	৬,০৪,৪৪২/-	২০০০/-	
২	মিয়ার হাট	সাতুরিয়া	১৩,৫১৬/-	৫০০/-	
৩	নৈকাঠি হাট	সাতুরিয়া	৪৩,৩৫৪/-	৫০০/-	
৪	হালদারখালী হাট	সাতুরিয়া	২২,৬১৩/-	৫০০/-	
৫	আমতলা হাট	সাতুরিয়া	৪,০৬৩/-	৫০০/-	
৬	জমাদ্দারের হাট	সাতুরিয়া	০	৫০০/-	(হাট বসে না)
৭	পিংড়ী হাট	শুক্তাগড়	০	৫০০/-	(হাট বসে না)
৮	বলারজোড় হাট	শুক্তাগড়	১,৭৮,৪৫৪/-	১০০০/-	
৯	মোল্লার হাট	শুক্তাগড়	১৭৭/-	৫০০/-	
১০	রাজাপুর বাজার	রাজাপুর	৮,৩৬,৩৪০/-	২,৪০০/-	
১১	হাওলাদারের হাট	রাজাপুর	০	৫০০/-	
১২	ফকিরের হাট	রাজাপুর	৬০১/-	৫০০/-	
১৩	হাজীর হাট	রাজাপুর	০	৫০০/-	(হাট বসে না)
১৪	গালুয়া বাজার	গালুয়া	২,১৩,৪১৩/-	১,২০০/-	
১৫	পোলের হাট	গালুয়া	১১,৮১২/-	৫০০/-	
১৬	শাহমিয়ার হাট	গালুয়া	০	৫০০/-	(হাট বসে না)
১৭	খায়ের হাট	গালুয়া	৫৩০/-	৫০০/-	
১৮	কাটাখালী বাজার	গালুয়া	০	৫০০/-	(হাট বসে না)
১৯	চাড়াখালী বাজার	গালুয়া	১২৩৭/-	৫০০/-	
২০	গাজীর হাট	গালুয়া	০	৫০০/-	(হাট বসে না)
২১	পুটিয়াখালী মীরের হাট	গালুয়া	৩,৫৯,৭৩৬/-	১,৪০০/-	
২২	তালুকদারের হাট	গালুয়া	০	৫০০/-	(হাট বসে না)
২৩	নিজামিয়া হাট	বড়ইয়া	৮৯৩/-	৫০০/-	
২৪	কাচারিবাড়ি হাট	বড়ইয়া	৪,৩৬৪/-	৫০০/-	
২৫	উত্তমপুর হাট	বড়ইয়া	১১,৫৫৪/-	৫০০/-	
২৬	বড়ইয়া সমবায় হাট	বড়ইয়া	০	৫০০/-	(হাট বসে না)
২৭	বড়ইয়া সমিতির হাট	বড়ইয়া	০	৫০০/-	(হাট বসে না)
২৮	পালট সমবায় হাট	বড়ইয়া	০	৫০০/-	(হাট বসে না)
২৯	বাদুরতলা হাট	মঠবাড়ী	৫২,৭২৪/-	৫০০/-	
৩০	নাপিতের হাট	মঠবাড়ী	৩৮,৯৪৬/-	৫০০/-	
৩১	বাঘরী হাট	মঠবাড়ী	১৫,২২,৬১৫/-	৩,৮০০/-	

ক্যালেন্ডার

পর্যায়	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র গ্রহণের তারিখ	দরপত্র গ্রহণের সময়		দরপত্র খোলার সময়	মন্তব্য
			হতে	পর্যন্ত		
১ম	১৬-০২-২০২৩ খ্রিঃ	২০-০২-২০২৩ খ্রিঃ	সকাল ১০ টা	দুপুর ০১.০০ টা	বিকাল ০৩.০০টা	
২য়	২৩-০২-২০২৩ খ্রিঃ	২৬-০২-২০২৩ খ্রিঃ	সকাল ১০ টা	দুপুর ০১.০০ টা	বিকাল ০৩.০০টা	১ম পর্যায় ইজারাকৃত হাট ব্যতীত
৩য়	০২-০৩-২০২৩ খ্রিঃ	০৫-০৩-২০২৩ খ্রিঃ	সকাল ১০ টা	দুপুর ০১.০০ টা	বিকাল ০৩.০০টা	১ম ও ২য় পর্যায় ইজারাকৃত হাট ব্যতীত

উল্লেখ্য, দরপত্রদাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙিন ০২ (দুই) কপি ছবি (গেজেটেট অফিসার কর্তৃক সত্যায়িত), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি এবং সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক সনদ দাখিল করতে হবে। হাট বাজারের ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন হাটের দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদিত হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। ইজারা সংক্রান্ত আরও কোন তথ্য

জানার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। ইজারা বিজ্ঞপ্তিটি www.rajapur.jhalakathi.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

০১. বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রের উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একসাথে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা এক হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল হিসেবে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/০২/২৩

নুসরাত জাহান খান
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি
ফোন : ০২৪৭৮৮৭৬৪২২

স্মারক নম্বর: ০৫.১০.৪২৮৪.০০১.০৩.০১০.২৩- ১১২(৩০৫)

তারিখ : ২৪ মাঘ ১৪২৯ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০০-০১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
০০-০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি।
০০-০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঝালকাঠি।
০০-০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজাপুর।
০৫-০৭। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/নলছিটি/কাঠালিয়া।
০০-০৮। সহকারী কমিশনার (ভূমি), রাজাপুর।
০৯-৩৯। উপজেলা .... অফিসার, রাজাপুর।
০০-৪০। অফিসার ইন চার্জ, রাজাপুর থানা।
৪১-৪৬। চেয়ারম্যান (সকল)................., ইউনিয়ন পরিষদ, রাজাপুর, (তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টানানোসহ ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো)।
৪৭-৪৮। সভাপতি, প্রেসক্লাব/রিপোর্টার্স ইউনিটি/সাংবাদিক ক্লাব, রাজাপুর।
৪৯-৫৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,......................... ইউনিয়ন ভূমি অফিস, রাজাপুর, (তার ইউনিয়নাধীন হাট- বাজার দরপত্র বিজ্ঞপ্তি হাটের দিন ঢোল সহরতপূর্বক ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো)।
০০-৫৫। সম্পাদক, "দৈনিক দূরযাত্রা" ঝালকাঠি। (এ বিজ্ঞাপ্তিটি (৪"× ৮") সাইজে আপনার পত্রিকায় ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে তার ০২ (দুই) কপি এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
৫৬-৬৯। জনাব... ইজারাদার .... হাট -বাজার ১৪২৯ সন।
৭০-১০০। সভাপতি/সম্পাদক .... হাট-বাজার কমিটি, রাজাপুর, ঝালকাঠি।
০০-১০১। অফিস কপি।

০৭/০২/২৩

নুসরাত জাহান খান
উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি